



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2<sup>nd</sup> Term WorkSheet - 4

Class: 3



**Subject: Bengali Grammar: (বোধশক্তির বিচার)**

**Date: 8/7/2020**

ভারতবর্ষ আমাদের মাতৃভূমি। এটি এক বিশাল দেশ। কথিত আছে প্রাচীন কালে এদেশে ভারত নামে এক রাজা রাজত্ব করতেন। তাঁর নাম থেকেই এদেশের এরকম নাম হয়েছে। যুগে যুগে বহু মানুষ এদেশে এসেছেন। বহু রাজা রাজত্ব করেছেন। অনেকেই থেকে গেছেন এদেশে। তাই নানা জাতি ও নানা ধর্মের মানুষ এখানে বাস করে। হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রীষ্টান, জৈন, শিখ ইত্যাদি ধর্মের লোক ভারতে বাস করেন। ব্রিটিশরা প্রায় দুশো বছর এদেশ দখল করে রেখেছিল। আমাদের মাতৃভূমি স্বাধীনতা পাওয়ার জন্য অনেক মানুষ শহীদ হয়েছেন। ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ভারত স্বাধীনতা লাভ করে। আজ আমরা একটি স্বাধীন দেশের নাগরিক।

প্রশ্ন ---

- ১। আমাদের মাতৃভূমির নাম কী ?
- ২। কার নাম থেকে আমাদের দেশের নাম হয়েছে ?
- ৩। ভারতবাসী কাদের বলা হয় ?
- ৪। কারা দুশো বছর আমাদের দেশ দখল করে রেখেছিল?
- ৫। আমাদের দেশ কবে স্বাধীন হয় ?
- ৬। আমাদের দেশে কোন কোন ধর্মের লোক বাস করেন ? দুটি লেখ।
- ৭। শূন্যস্থান পূরণ কর -  
ক) ভারতবর্ষ আমাদের \_\_\_\_\_।  
খ) বহু \_\_\_\_\_ রাজত্ব করেছেন।  
গ) আজ আমরা একটি \_\_\_\_\_ দেশের নাগরিক।

৮। ঠিক বা ভুল লেখ -

ক) ভারত একটি ছোট দেশ ।

খ) ব্রিটিশরা আমাদের দেশ দখল করে রেখেছিল ।

৯। এলোমেলো বর্ণগুলো সাজিয়ে শব্দ বানাও -

ক) হীশদ =

খ) সমানমুল=

গ) তভার্ষরব=

ঘ) রিনাকগ=

Manashi Chaudhuri